গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-২ শাখা
(www.erd.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৯ জানুয়ারি, ২০১৭ তারিখ বাংলাদেশ সরকার এবং ভারত সরকারের মধ্যে "Sustainable Development of Rajshahi City through the Improvement and Conservation of Social, Cultural, Environmental and Heritage Infrastructures" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ২১.৯৫ কোটি টাকার একটি অনুদান চুক্তি রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহীতে স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব শাহ মো: আমিনুল হক, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং ভারত সরকারের পক্ষে Mr. Harshvardhan Shringla উক্ত অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব মো: শাহরিয়ার আলম, এমপি, রাজশাহী সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত মেয়র এবং উভয় দেশের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দু'দেশের মধ্যে ২০১০ সালে ১ বিলিয়ন মা: ডলারের প্রথম "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় দু'দেশের মধ্যে ২ বিলিয়ন মা: ডলারের নমনীয় ঋণ সহায়তার জন্য দ্বিতীয় "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" ২০১৬ সালে স্বাক্ষরিত হয়। উল্লিখিত ঋণ ছাড়াও ভারত বাংলাদেশকে আর্থ-সামাজিক অবকাঠামো খাতে স্বল্প মেয়াদী উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুদান সহায়তা প্রদানের জন্য ২০১৩ সালে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে। এ সমঝোতা স্মারকের আওতায় এখন পর্যন্ত ৩টি প্রকল্প চূড়ান্ত করা হয়েছে যার পরিমাণ ৫৮.৩২ কোটি টাকা। অদ্য স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি ভারতীয় স্বল্প মেয়াদী উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িতব্য প্রথম প্রকল্প।

ভারত সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে বিভিন্ন সেক্টরে দ্বি-পাক্ষিক সম্পর্ক অত্যন্ত বন্ধুত্বপূর্ণ। ভারত সরকার কর্তৃক প্রতিশ্রুত এ অনুদান সহায়তা বাংলাদেশের আর্থ-সামাজিক অবকাঠামো খাতে স্বল্প মেয়াদী উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা দু'দেশের উন্নয়ন অংশীদারিত্বমূলক সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধিতে সহায়ক হবে।

(জহিরুল ইসলাম)
সহকারী প্রধান